



অরাজকতা সৃষ্টি করে উন্নয়ন থামাতে চায় একটি পক্ষ: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আন্দোলন ও অবরোধকারীদের সমালোচনা করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, একটি পক্ষ দেশে অস্থিরতা সৃষ্টি করে উন্নয়ন কার্যক্রম ব্যাহত করতে চায়। তারা কৃষক, শিক্ষা কিংবা গ্রামীণ উন্নয়নের কথা বলে না, বরং বিভ্রান্তি ছড়িয়ে অরাজক পরিস্থিতি তৈরির চেষ্টা করছে। খাল পুনঃখনন উদ্বোধন অনুষ্ঠানে তিনি বলেন, দীর্ঘদিন অকার্যকর থাকা খালগুলো সচল হলে কৃষকরা সেচ সংকট ও জলাবদ্ধতা থেকে মুক্তি পাবে। গ্রামীণ অর্থনীতি শক্তিশালী করতে সরকার বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করছে বলেও জানান তিনি।

তারেক রহমান আরও বলেন, কৃষক কার্ড, ফ্যামিলি কার্ড, শিক্ষার্থীদের স্কুল ড্রেস বিতরণ এবং ধর্মীয় ব্যক্তিবৃন্দের সম্মানী দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি তরুণদের কর্মসংস্থানে কারিগরি শিক্ষার ওপর গুরুত্ব দিচ্ছে সরকার।

পরে তিনি জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেন এবং স্থানীয় বিএনপির সাংগঠনিক সভায় অংশ নেন।